# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৭৩৫

পর্ব-২৫: শিষ্টাচার (كتاب الآداب)

পরিচ্ছেদঃ ৬. প্রথম অনুচ্ছেদ - হাঁচি দেয়া এবং হাই তোলা

بَابُ الْعُطَاسِ وَالتَّثَاؤُبِ

## আরবী

وَعَنْ أَبِي مُوسَى قَالَ: سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: «إِذَا عَطَسَ أَحَدُكُمْ فَحَمِدَ اللَّهَ فَشَمِّتُوهُ وَإِنْ لَمْ يَحْمَدِ اللَّهَ فَلَا تُشَمِّتُوهُ» . رَوَاهُ مُسلم

## বাংলা

৪৭৩৫-[৪] আবূ মূসা আল আশ্‘আরী (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছি যে, তোমাদের কেউ যদি হাঁচি দেয় এবং আল্লাহর প্রশংসা করে, তবে তোমরা তার জবাবে ’’ইয়ারহামুকাল্ল-হ’’ বলবে। আর যদি সে আল্লাহর প্রশংসা না করে, তবে তোমরা ’’ইয়ারহামুকাল্ল-হ’’ বলে জবাব দেবে না। (মুসলিম)[1]

## ফুটনোট

[1] সহীহ : মুসলিম ৫৪-(২৯৯২), আহমাদ ১৯৬৯৬, সিলসিলাতুস্ সহীহাহ্ ৩০৯৪, আল আদাবুল মুফরাদ ৯৪১, আল মুসতাদরাক ৭৬৯০, শু‘আবুল ঈমান ৯৩৩০, মুসান্নাফ ইবনু আবূ শায়বাহ্ ২৫৯৭৪।

## ব্যাখ্যা

ব্যাখ্যাঃ উল্লেখিত হাদীস দ্বারা প্রমাণিত হয় যে, কোন ব্যক্তি যদি হাঁচি প্রদান করে আলহাম্দুলিল্লা-হ বলে তা যদি কেউ শ্রবণ করে তাহলে তার জবাবে ইয়ারহামুকাল্ল-হ বলবে, অন্যথায় যদি সে আলহামদুলিল্লা-হ না বলে তাহলে তাকে ইয়ারহামুকাল্ল-হ বলতে হবে না। (মিরক্বাতুল মাফাতীহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবূ মূসা আল- আশ'আরী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=75459

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন